

নং-৩৯.০০.০০০০.০২০.১৬.০৩০.১৬- ১৯৫


তারিখ: ০৮ আশ্বিন ১৪২৬
২৩ সেপ্টেম্বর ২০১৯

প্রজ্ঞাপন

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন অস্থিয়ার ভিয়েনাস্থ বাংলাদেশ দূতাবাসে নতুন সৃজিত নিউক্লিয়ার এ্যাটাশে পদে 'রাশান ফেডারেশনের মস্কো এবং অস্থিয়ার ভিয়েনাস্থ বাংলাদেশ দূতাবাস-এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১৮' মোতাবেক পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ শামছুজ্জামান-কে অস্থিয়ার ভিয়েনাস্থ বাংলাদেশ দূতাবাসে নিউক্লিয়ার এ্যাটাশে হিসেবে বদলীপূর্বক প্রেষণে নিয়োগ করা হলো।

- ২। এ নিয়োগ সর্বোচ্চ ৪ (চার) বছর মেয়াদের হবে এবং অস্থিয়ার ভিয়েনাস্থ বাংলাদেশ দূতাবাসে যোগদানের তারিখ থেকে তা কার্যকর হবে।
- ৩। অস্থিয়ার ভিয়েনাস্থ বাংলাদেশ দূতাবাসে যোগদানের পূর্বে তাঁকে কূটনৈতিক মর্যাদা প্রদান করা হবে।
- ৪। তিনি ভিয়েনাস্থ বাংলাদেশ দূতাবাসে যোগদানের পূর্বে, নিউক্লিয়ার এ্যাটাশে পদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে ধারণা লাভের নিমিত্ত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত প্রশিক্ষণসূচী অনুযায়ী প্রশিক্ষণ গ্রহণ করবেন।
- ৫। প্রশিক্ষণকাল ও ভিয়েনাস্থ দূতাবাসে যোগদানের পূর্ব পর্যন্ত তিনি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে সংযুক্তি হিসেবে নিয়োজিত থাকবেন এবং উক্ত সময়ে তিনি বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-এর সংশ্লিষ্ট খাত হতে বেতন, ভাতাদি ও অন্যান্য ব্যয় প্রচলিত বিধি মোতাবেক প্রাপ্য হবেন।
- ৬। অস্থিয়ার ভিয়েনাস্থ বাংলাদেশ দূতাবাসে যোগদানের তারিখ হতে 'রাশান ফেডারেশনের মস্কো এবং অস্থিয়ার ভিয়েনাস্থ বাংলাদেশ দূতাবাস-এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ (বিশেষ বিধান) বিধিমালা ২০১৮'-এর আলোকে তাঁর বেতন, ভাতাদি ও অন্যান্য সুবিধাদি কার্যকর হবে।
- ৭। এ সংক্রান্ত যাবতীয় ব্যয়ভার বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন ভিয়েনাস্থ দূতাবাসের জন্য অনুমোদিত ১২৬০১০২১১৯৬৭ কোডের আওতায় প্রযোজ্য বরাদ্দকৃত বাজেট হতে মিটানো হবে।
- ৮। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মোঃ মঈনুল ইসলাম তিতাস
উপসচিব

ফোন : ৯৫৭৪৪১৯

E-mail: section20@most.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৩. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।

পৃষ্ঠা: ১/২

৪. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. অতিরিক্ত সচিব (সকল), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।
১১. চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা।
১২. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, ভিয়েনা, অস্ট্রিয়া।
১৩. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৪. মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক মতিঝিল, ঢাকা।
১৫. প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প ও ব্যবস্থাপনা পরিচালক, এনপিসিবিএল, ৪, শাহবাগ এভিনিউ, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, রমনা, ঢাকা।
১৬. যুগ্মসচিব (সকল)/যুগ্ম প্রধান (উপ-প্রযুক্তি উপদেষ্টা), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১৮. উপসচিব (সকল), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
২২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা।
২৩. ড. মোহাম্মদ শামছুজ্জামান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা।
২৪. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান, সহকারী সচিব/সহকারী প্রধান, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি আপলোডের অনুরোধসহ)।
২৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. অফিস কপি/মাস্টার কপি।

(৫)